



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/ ৬৬

তারিখ: ২৪.০৩.২০২৪ খ্রি.

বিষয়: ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের মাঝে জুলাই-ডিসেম্বর/২০২৩ কিস্তির উপবৃত্তির অর্থ বিতরণ সংক্রান্ত।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১২.০৩.২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৬০.১৮.১৪৪ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণিতে উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের মাঝে জুলাই-ডিসেম্বর/২০২৩ কিস্তির উপবৃত্তির অর্থ HSP-MIS সফটওয়্যারের বিদ্যমান 'নগদ' ও ব্যাংক হিসাবধারী ব্যতীত অন্যান্য সকল উপকারভোগীর 'নগদ হিসাব' খোলার পরে উপবৃত্তির অর্থ বিতরণ করার বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, HSP-MIS সফটওয়্যারের বিদ্যমান 'নগদ' ও ব্যাংক হিসাবধারী সুবিধাভোগী ব্যতীত অন্যান্য সকল উপকারভোগীর 'নগদ হিসাব' খোলার পরে জুলাই-ডিসেম্বর/২০২৩ কিস্তির উপবৃত্তির অর্থ বিতরণ করা হবে। বিষয়টি উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর উপজেলা/থানাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং শ্রেণি শিক্ষক উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থী/অভিভাবককে বিষয়টি অবহিত করবেন।

(মোহাম্মদ আসাদুল হক)  
স্কিম পরিচালক (যুগ্মসচিব)  
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। প্রোগ্রাম এক্সজিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS & iBASS++ স্কিম, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

- ০৯। সকল কর্মকর্তা/কর্মচারী, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক পত্রের মর্মানুযায়ী কার্যক্রম নিবিড় পরিবীক্ষণের অনুরোধসহ)।
- ১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১১। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।